

NURSE-®N-CALL

১৩০০ ৬০ ৬০ ২৪

এটি ভিক্টোরিয়ান সরকারের একটি উদ্যোগ, নার্স-অন-কলএকটি রেজিস্টার্ড নার্স,কর্তৃক তাৎক্ষণিক, বিশেষজ্ঞ স্বাস্থ্য বিষয়ক পরমর্শদানকারী একটি টেলিফোন সার্ভিস ২৪/৭ এ পাওয়া যাবে।

ভিক্টোরিয়ার যে কোন জায়গা থেকে লোকাল ফোন করার খরচের বিনিময়ে কেবল ফোন করুন ১৩০০ ৬০ ৬০ ২৪

*মোবাইল ফোন থেকে কল করলে বেশি খরচ হতে পারে নার্স-অন-কল সেবা ভিক্টোরিয়ান সরকারের পক্ষ থেকে হেলথডাইরেক্ট কর্তৃক পদত্ত

NURSE-®N-CALL

১৩০০ ৬০ ৬০ ২৪

এ সুবিধা পাওয়ার যোগ্যতা

আপনার কি একজন দোভাষীর প্রয়োজন?
টিস ইন্টারন্যাশনালে ১৩১ ৪৫০ নাম্বারে ফোন করুন এবং
বলুন যে নার্স-অন-কল এর সাথে কথা বলতে চান

আমার শ্রবণ ও বাক প্রতিবন্ধকতা থাকলে কিভাবে এই সেবা আমি পেতে পারি?

শ্রবণ ও বাক প্রতিবন্ধকতা সম্পন্ন গ্রাহকদের জন্য দ্যা ন্যাশনাল রিলে সার্ভিসের সেবা পাওয়া যাবে। ভয়েজ রিলে ব্যবহারকারীগন ১৮০০ ৫৫৫ ৭২৭ নম্বারে, টেলিটাইপটার ব্যবহারকারীগণদের ১৮০০ ৫৫৫ ৬৭৭ নাম্বারে ফোন করা উচিত হবে এবং নার্স-অন-কল এর সাথে সংযোগ করিয়ে দেওয়ার জন্য বলুন। ইন্টারনেট রিলে ব্যবহারকারীগন দ্যা ন্যাশনাল রিলে সার্ভিস ওয়েভ সাইটের মাধ্যমে হেলপ লাইন ব্যবহার করতে পারবেন।

নার্স-অন-কল সম্পর্কিত আরও তথ্যের জন্য, ভিজিট করুন healthdirect.gov.au/nurse-on-call

ভিক্টোরিয়ান সরকার কতৃর্ক অনুমোদিত ও প্রকাশিত, 1 Treasury Place, Melbourne. © State of Victoria, Australia, ডিপার্টমেন্ট অফ হেলথ, অগাষ্ট ২০২১ মদ্রণ ব্যবস্থাপনায় ফিন্সবারী গ্রীন (DH 2106065)

প্রত্যেক ভিক্টোরিয়ানের একটি আছে

NURSE-ON-CALL

১৩০০ ৬০ ৬০ ২৪



ফোনের মাধ্যমে হেলথ সম্পর্কিত তথ্যাবলী ২৪/৭ পাওয়া যাবে। healthdirect.gov.au/nurse-on-call




আপনার যখনই প্রয়োজন আমরা আছি

নার্স-অন-কল পরিচর্চা ও স্বাস্থ্য বিষয়ক পরামর্শের জন্য একজন রেজিস্টার্ড নার্সের সাথে যে কোন সময় সরাসরি যোগাযোগ করিয়ে দিবে। জরুরী প্রয়োজনে সর্বদাই আপনাকে ট্রিপল জিরো (০০০) তে ফোন করা উচিত হবে কিন্তু অন্য সময়ে স্বাস্থ্য বিষয়ক পরমর্শের জন্য নার্স-অন-কল কে বেছে নেওয়া সর্বেত্তম।

উদাহরনস্বরুপ, আপনি ফোন করতে পারেন যখন:

- আপনি নিজে অথবা আপনি দেখাশোনা করছেন এমন কেউ অসুস্থ অনুভব করলে
- ধরুন এখন মধ্যরাত এবং আপনি নিশ্চিত নন যে আপনাকে স্বাস্থ্য বিষয়ক সহায়তা চাওয়া উচিত হবে কি না
- আপনি বাড়ী থেকে দূরে আছেন অথবা স্বাস্থ্য বিষয়ক সহায়তা যেখানে পাওয়া যাবে সেখান থেকে বহুদূরে অবস্থান করছেন
- আপনার এলাকায় স্বাস্থ্য বিষয়য়ক সেবার ব্যাপারে আপনি কেবল পরামর্শ বা তথ্য চান

যে কোন স্বাস্থ্য বিষয়ক পরামর্শের জন্য নার্স-অন-কল এ নির্দ্বিধায় ফোন করতে পারেন। ভিক্টোরিয়ার যে কোন জায়গা থেকে স্রেফ ফোন করুন ১৩০০ ৬০ ৬০ ২৪ লোকাল কলের খরচের বিনিময়ে *



আমি যখন স্বাস্থ্য বিষয়ক পরামর্শের জন্য ফোন করব তখন কি হবে?

পদক্ষেপ ১ - একজন রেজিস্টার্ড নার্স আপনার ফোনের উত্তর দিবে এবং কিছু প্রাথমিক তথ্য সংগ্রহ করবে।

পদক্ষেপ ২ - এরপর এই নার্স তখন আপনার উপসর্গ এবং স্বাস্থ্য সম্পর্কিত অন্যান্য সমস্যাগুলো সম্পর্কে একাধিক প্রশ্ন করবেন।

পদক্ষেপ ৩ - ফোন কল শেষে আপনার নিজের যত্ন নেওয়ার উপায়গুলো সুপারিশ করতে পারেন, আপনার GP এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দিতে পারেন অথবা আপনার অবস্থা যদি খুব খারাপ হয়, তখন আপনার ফোন কলটিকে ট্রিপল জিরো (০০০) তে ট্রান্সফার করতে পারেন।

মনে রাখবেন যে নার্সরা আপনার উপসর্গগুলো দেখে সম্পূর্ণ নিরীক্ষা করেন না।

আপনি যে বিষয়ের জন্য ফোন করেছেন, নার্সরা সর্বসাম্প্রতিক স্বাস্থ্য তথ্য ব্যবহার করে আপনাকে সর্বোচ্চ মানের পরামর্শ দিবেন।

অবশ্যই, আপনার প্রদত্ত সমস্ত তথ্য গোপন থাকবে এবং রেকর্ডগুলো সম্পূর্ণ সুরক্ষিত।

স্বাস্থ্য পরামর্শ, এবং আরো

নার্স-অন-কল আপনাকে অন্যান্য স্বাস্থ্য বিষয়ক পরামর্শও দিতে পারেন, যেমন আপনার এলাকায় স্বাস্থ্য সেবার বিস্তারিত অথবা অন্যান্য ফোন সহায়তা লাইনের নাম্বার।

নার্স-অন-কল সমস্ত ভিক্টোরিয়ানদের এই মর্মে আশ্বস্ত করছে যে পেশাগত স্বাস্থ্য পরামর্শ শুধূমাত্র একটি ফোন কলের দূরত্বে, দিনের অথবা রাতের যে কোন সময়।

*মোবাইল ফোন থেকে কল করলে বেশি চার্জ হতে পারে নার্স-অন-কল সেবা ভিক্টোরিয়ান সরকারের পক্ষ থেকে হেলথডাইরেক্ট কর্তৃক প্রদত্ত



সব ভিক্টোরিয়ানদের স্বাস্থ্য সম্পর্কিত পরামর্শ ২৪ ঘণ্টাই পাওয়া যাবে

NURSE-®N-CALL

১৩০০ ৬০ ৬০ ২৪

জরুরী বা প্রানঘাতী পরিস্থিতির জন্য, আপনাকে সবসময় ট্রিপল জিরো (০০০)এ ফোন করা উচিত।